



**UNIVERSITY OF DHAKA:** Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladeshi nationals for filling up one permanent post of Assistant Professor and two temporary Lecturer against two leave vacancies in the Department of Computer Science and Engineering, University of Dhaka, in the Pay Scale of assistant professor Tk. 35,500-67,010/- and lecturer TK. 22,000-53,060/. (National Pay Scale 2015).

**QUALIFICATIONS FOR ASSISTANT PROFESSOR:** Candidates must have first class or in case of CGPA 3.50 out of 4.00 in Honours and Master's degree in Computer Science and Engineering or an equivalent degree from a foreign University with first divisions or in case of GPA/CGPA 4.25 out of 5.00 in S.S.C and H.S.C or equivalent examinations. They should have at least 3 (three) years of teaching experience in a University together with 03 (three) research publications in standard journals. The above requirements may be relaxed in case of those who have Ph.D degree. Experience and performance as a teacher as well as significant contribution to different areas of University activities especially in guiding the overall educational and co-curricular activities of the students will also be treated as qualifications.

**QUALIFICATIONS FOR LECTURER:** Candidates must have at least first class or in case of GPA/CGPA 3.50 out of 4.00 in Honours and Master's degree in Computer Science and Engineering with CGPA/GPA 4.25 out of 5.00 in S.S.C. & H.S.C. Examinations. Other qualifications being equal preference may be given to those who have a higher degree.

Eight copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets/grade sheets and proof of experience along with a Pay Order/Bank Draft of the value of Tk. 750/-(seven hundred fifty) only payable to the Registrar, should reach him on or before 26/10/2017. Candidates already in service must apply through proper channel.

**ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ** কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে একটি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য এবং দুইটি ছুটিজনিত শূন্য পদে ০২ (দুই) জন অস্থায়ী প্রভাষক নিয়োগের জন্য রেজিস্ট্রারের দপ্তর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বেতন স্কেলঃ সহকারী অধ্যাপকঃ ৩৫,৫০০-৬৭,০১০/-টাকা এবং প্রভাষকঃ ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

**সহকারী অধ্যাপক পদের যোগ্যতাঃ** প্রার্থীদের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রী উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা জিপিএ/ সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হইতে হইবে অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে সমমানের ডিগ্রীসহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ স্কেল এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকিতে হইবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁহাদের কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩ (তিন) টি প্রকাশিত প্রবন্ধ থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রীধারীগণের ক্ষেত্রে উপরোক্ত শর্তাবলী শিথিল করা যাইতে পারে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে।

**প্রভাষক পদের যোগ্যতাঃ** প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি.-তে জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হইতে হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত প্রশংসাপত্র, মার্কসিট/গ্রেডসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখঃ ২৬/১০/২০১৭। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।